(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নং: ৩৭.০০.০০০০.০৮০.২৫.০১৫.১৮ (অংশ)-৭৪

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩২ / ৩০ এপ্রিল ২০২৫

# বিজ্ঞপ্তি

**বিষয়:** জাপান সরকারের Ministry of Education, Culture, Sports, Science and Technology (MEXT) Scholarship 2026 জন্য আবেদন আহ্বান।

জাপান সরকারের Ministry of Education, Culture, Sports, Science and Technology (MEXT) Scholarship 2026-এর আওতায় Research (Master's & Ph.D), Undergraduate, College of Technology এবং Specialized Training College প্রোগ্রামে অধ্যয়নের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে আবেদন আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, Research (Master's & Ph.D) পর্যায়ে ৩০ জন, Undergraduate পর্যায়ে ২৫ জন, College of Technology পর্যায়ে ১৫ জন এবং Specialized Training Group পর্যায়ে ০৫ জন-কে প্রাথমিকভাবে বাছাই করা হবে। বাছাইকৃত আবেদনকারীদেরকে পরবর্তীতে জাপান দূতাবাস কর্তৃক অনুষ্ঠেয় লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**২.০ আবেদনের যোগ্যতা ও উল্লেখযোগ্য শর্তাবলি:**

২.১ আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে;

২.২ **বয়স:**

২.২.১ Research (Master's & Ph.D) পর্যায়ে আবেদনকারীর জন্মতারিখ অবশ্যই ২ এপ্রিল ১৯৯১ বা তৎপরবর্তী হতে হবে;

২.২.২ Undergraduate, College of Technology এবং Specialized Training College পর্যায়ে আবেদনকারীর জন্মতারিখ অবশ্যই ২ এপ্রিল ২০০১ বা তৎপরবর্তী হতে হবে;

২.৩ **শিক্ষাগত যোগ্যতা:**

২.৩.১ ক. Master's এবং Doctoral; (First phase) পর্যায়ে আবেদনকারীকে অবশ্যই স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

খ. Dotoral Course (Second phase) পর্যায়ে আবেদনকারীকে অবশ্যই স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে অথবা স্নাতক পরীক্ষায় উত্তীর্ণসহ দুই বছর বা তদূর্ধ্ব সময় বিশ্ববিদ্যালয় বা কোনো গবেষণার সাথে সম্পৃক্ত থাকতে হবে;

গ. Doctoral Course (faculties of medicine, dentistry, veterinary sciences, and certain areas in pharmaceutical) পর্যায়ে আবেদনকারীকে অবশ্যই স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে অথবা স্নাতক পরীক্ষায় উত্তীর্ণসহ দুই বছর বা তদূর্ধ্ব সময় বিশ্ববিদ্যালয় বা কোনো গবেষণা সংস্থায় গবেষণার সাথে সম্পৃক্ত থাকতে হবে।

২.৩.২ Undergraduate এবং Specialized Training Group পর্যায়ে আবেদনকারীকে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (যে সকল আবেদনকারী মার্চ ২০২৬-এর মধ্যে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হবে তারাও আবেদন করতে পারবে। এরূপ আবেদনকারীকে একাদশ শ্রেণির রেজাল্ট দাখিল করতে হবে)।

২.৩.৩ College of Technology পর্যায়ে আবেদনকারীকে একাদশ শ্রেণিতে উত্তীর্ণ হতে হবে;

৩.০ **আবেদনপত্র দাখিলের নিয়মাবলি:**

৩.১ আবেদনকারীকে শিক্ষা মন্ত্রণালয়ের নিম্নোক্ত অনলাইন লিংক এ আবশ্যকীয় তথ্যাবলি দাখিল করতে হবে। তথ্যছক পূরণের জন্য গাইডলাইন **(পৃষ্ঠা-১)** দ্রষ্টব্য।

**অনলাইন লিংক:** **http://202.4.112.150:3030**

৩.২ শিক্ষা মন্ত্রণালয়ের Online লিংকটি **৩০ এপ্রিল ২০২৫ থেকে ১২ মে ২০২৫ বিকাল ৫:০০ টা পর্যন্ত কার্যকর থাকবে।**

৩.৩ আবেদনকারীকে উক্ত অনলাইন লিংকে তথ্য **(পৃষ্ঠা ০২)** দাখিল করার পর উক্ত পূরণকৃত ফর্ম, সার্টিফিকেট/ মার্কশিট, পাসপোর্ট/ ন্যাশনাল আইডি কার্ডের ফটোকপি এবং সংশ্লিষ্ট সকল ডকুমেন্টের সত্যায়িত ফটোকপি শিক্ষা মন্ত্রণালয়ে নিম্নোক্ত ঠিকানায় জমা দিতে হবে:

**ঠিকানা:** বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর ২নং গেইট-সংলগ্ন অভ্যর্থনা কক্ষের ৯নং কাউন্টারে রক্ষিত নির্ধারিত বাক্স। উল্লিখিত বাক্স ব্যতীত অন্য কোথাও আবেদন জমা দেয়া হলে তা বিবেচিত হবে না।

**সময়: আবেদনপত্রের হার্ডকপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র দাখিলের সময়সীমা ৩০ এপ্রিল ২০২৫ থেকে ১২ মে ২০২৫ পর্যন্ত প্রতিদিন সকাল ৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত।**

৩.৪ খামের উপর অবশ্যই প্রাপক, প্রেরক, **ID/Tracking No.** ও **প্রোগ্রামের নাম** উল্লেখ করতে হবে। **প্রাপক :** সিনিয়র সহকারী সচিব (বৃত্তি), শিক্ষা মন্ত্রণালয়, কক্ষ নং : ১৭০৬, ভবন নং : ৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩.৫ **বিশেষভাবে উল্লেখ্য,** কোনো প্রার্থী একাধিক প্রোগ্রামে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে। অর্থাৎ আন্ডারগ্রাজুয়েট/ মাস্টার্স/ ডক্টরাল যে কোনো একটি প্রোগ্রামের জন্য আবেদন করা যাবে। এ ছাড়া, পূরণকৃত তথ্যছক ও ক্যাটাগরি অনুযায়ী প্রযোজ্য সার্টিফিকেট/মার্কশিট ও অন্যান্য যাবতীয় ডকুমেন্টের হার্ডকপি মন্ত্রণালয়ে জমা না দেওয়া হলে কোনো আবেদন বিবেচনা করা হবে না।

৩০.০৪.২০২৫
(এ.এস.এম. কাসেম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৯০৬৭২
ds_stp@moedu.gov.bd

**বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে):**

১। সিস্টেম অ্যানালিস্ট, আই.সি.টি.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিসহ উক্ত বৃত্তি সংক্রান্ত সকল কাগজপত্রাদি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রচারসহ কলেজ এবং বিশ্ববিদ্যালয়সমূহের গ্রুপ মেইলে প্রদানের অনুরোধ জানানো হলো)।

২। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা। [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধসহ।]

Government of the People's Republic of Bangladesh

Secondary & Higher Education Division

Ministry of Education

# Primary Information Form

01. Applicant's name:
02. Father's Name:
03. Mother's Name:
04. Gender:
05. Date of Birth:
06. Nationality :
07. Permanent Address:
08. Present Address:
09. E-mail:
10. Phone/ Mobile Number:
11. National ID (attach photocopy, if any):
12. Passport Number (attach photocopy of the relevant pages, if any):
13. Academic Qualifications:

    Particulars of Examinations Passed (Submit photocopies of certificates & marks sheets):

| Name of Examination | Institution & Year of Passing | Secured Grade/ Class/ Division | % of the obtained marks |
|---|---|---|---|
| | | | |


14. Experience (attach evidence):
15. Present Working Place & name of the Institution (Attach certified copy of the concerned authority):
16. Job Title/ Designation:
17. Special Training (attach evidence):
18. Please attach one passport size recent photo
19. Publications (Give title only):

**N.B.** Submit **a list** of the documents while submitting your application to the ministry as advised in the notice.

# মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
# শিক্ষা মন্ত্রণালয়


# অনলাইনে শিক্ষাবৃত্তি আবেদন নির্দেশিকা

# অনলাইনে আবেদন করার ধাপসমূহ




# রেজিস্ট্রেশন করার ধাপসমূহ

# রেজিস্ট্রেশন




শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তিতে উল্লিখিত লিংক-এ প্রবেশ করে Applicant Registration লিংক এ ক্লিক করুন।

# রেজিস্ট্রেশন ফরম



FOREIGN SCHOLARSHIP

Create An Account

First Name*
Enter First Name

Last Name*
Enter Last Name

Date Of Birth*DD/MM/YYYY

Mobile Number*
Enter Mobile Number

Email*
Enter Email

Keep Safe Your User Email & Password For Future Login

User Name*
Enter User Name

Password * Password Must Be 6 digit
Enter Password

Confirm Password*


Upload profile Image * Allowed format jpg, jpeg, png and max file size 160 kb

Choose file No file chosen

Register

এখানে আপনার বেসিক তথ্যগুলো প্রদান করুন ও **Register** বাটনে ক্লিক করুন।


# লগইন




রেজিস্ট্রেশন প্রক্রিয়া সফল হলে সিস্টেম আপনাকে লগইন পাতা প্রদর্শন করবে। এখানে আপনার User Name এবং Password প্রদান করে **Login** করুন।

# প্রোফাইল সম্পূর্ণকরণ


# প্রোফাইল




কোন শিক্ষাবৃত্তিতে আবেদন করার পূর্বে অবশ্যই আপনাকে প্রোফাইল সম্পূর্ণ করতে হবে।


এই জন্য ড্যাশবোর্ডের বাম পাশের মেনুলিস্ট থেকে **Profile Manager** এ ক্লিক করুন

# প্রোফাইল




এখানে আপনি ব্যক্তিগত তথ্য, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, কর্ম অভিজ্ঞতা, প্রকাশনা, ভাষাগত যোগ্যতার তথ্য প্রদান করার জন্য আলাদা বক্স পাবেন। প্রতিটা বক্সের ডান পাশের **Add New** কিংবা এডিট বাটনে ক্লিক করে তথ্য প্রদান কিংবা সংশোধন করতে পারবেন।


# Personal Information




 বাটনে ক্লিক করুন

এখানে ব্যক্তিগত তথ্যগুলো প্রদান করুন।

# Present Address








বাটনে ক্লিক করুন

এখানে আপনার বর্তমান ঠিকানার তথ্যগুলো প্রদান করুন।


# Permanent Address




যদি আপনার বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা একই হয় তবে Same As Present Address এ ক্লিক করুন।

স্থায়ী ঠিকানা ভিন্ন হলে পরের ধাপ অনুসরণ করুন।

# Permanent Address








বাটনে ক্লিক করুন

এখানে আপনার স্থায়ী ঠিকানার তথ্যগুলো প্রদান করুন।

# Academic Information







বাটনে ক্লিক করুন

আপনার প্রতিটি শিক্ষাগত যোগ্যতার তথ্য যোগ করার জন্য Add New বাটন ক্লিক করতে হবে।

Marks Percentage(%) তথ্য প্রদান করার জন্য নির্দেশনা অনুসরণ করুন।

প্রতিটি ডিগ্রীর ক্ষেত্রে Marks Percentage সর্বোচ্চ ৮০% হবে।

# Training







বাটনে ক্লিক করুন

আপনার প্রতিটি প্রশিক্ষণের তথ্য যোগ করার জন্য Add New বাটন ক্লিক করতে হবে।

# Work Experience








বাটনে ক্লিক করুন

আপনার প্রতিটি কর্ম অভিজ্ঞতার তথ্য যোগ করার জন্য Add New বাটন ক্লিক করতে হবে।

# Publication





বাটনে ক্লিক করুন

আপনার প্রতিটি প্রকাশনার তথ্য যোগ করার জন্য Add New বাটন ক্লিক করতে হবে।

# Language Skill







বাটনে ক্লিক করুন

আপনার প্রতিটি ভাষাগত যোগ্যতার তথ্য যোগ করার জন্য Add New বাটন ক্লিক করতে হবে।

প্রোফাইল সম্পূর্ণ ও সঠিকভাবে পূরণ করার পর শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি অনুসরণ করে আবেদন করতে হবে

# Circular




বর্তমানে এক্টিভ শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি দেখতে বামপাশের মেনুলিস্ট থেকে Circular List এ ক্লিক করুন।

# Circular

**Circular List**

Search | **Search** | 10

| # | SCHOLARSHIP PROGRAM | SESSION | CIRCULAR TITLE | PUBLISHED DATE | START DATE | END DATE | APPLY | DETAILS |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Al-Azhar Egypt Govt. Scholarship 2024-25 | Spring, 2024 | Al-Azhar Egypt Govt. Scholarship 2024-25 | 19-12-2024 | 20-12-2024 | 24-12-2024 | Apply | |
| 2 | The Stipendium Hungaricum Scholarship Programme for 2025-26 | Summer, 2025 | The Stipendium Hungaricum Scholarship Programme for 2025-2026 | 14-11-2024 | 19-11-2024 | 15-01-2025 | Apply | |

« ‹ 1 › »


Showing 2 out of 2 entries

এখানে যেসব শিক্ষাবৃত্তির আবেদন চলমান তার তালিকা দেখতে পাবেন।

শিক্ষাবৃত্তির বিস্তারিত জানতে View বাটনে ক্লিক করুন

আবেদন করতে Apply বাটনে ক্লিক করুন।

# Application Form



mahdi@gmail.com

Online Application Form
Part-1

Edit Profile

**Program Related Information**

Program Name : The Stipendium Hungaricum Scholarship Programme for 2025-26
Degree Criteria:* Select Degree Criteria
Scholarship Degree:* Select Degree
Level of Study:* Select Field
Preferred Subject (1st Choice) : Enter Subject Name
Preferred Subject (2nd Choice) : Enter Program Name
Preferred Subject (3rd Choice) : Enter Subject Name

**Personal Details**


Applicant's Name :* Mahdi Hasan
Father's Name : MD ABDUL ZABBAR
Mother's Name : MST AMENA BEGUM
Gender : MALE
Date of Birth : 20-05-1988
Nationality : Bangladeshi

**Contact Details**

Permanent Address :* BANBEIS, 1 ZAHIR RAIHAN ROAD, PALASHI-NILKHET
Present Address : BANBEIS, 1 ZAHIR RAIHAN ROAD, PALASHI-NILKHET
Email : mahdi@gmail.com
Mobile : 01936583856

Apply বাটনে ক্লিক করলে আবেদনের ফরম আসবে। এখানে আপনি বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলি অনুসরণ করে তথ্য প্রদান ও নির্বাচন করতে হবে।

# Application Form



**Program Related Information**

Program Name :
The Stipendium Hungaricum Scholarship Programme for 2025-26

Degree Criteria:*
Select Degree Criteria

Scholarship Degree:*
Select Degree

Level of Study:*
Select Field

Preferred Subject (1st Choice) :
Enter Subject Name

Preferred Subject (2nd Choice) :
Enter Program Name

Preferred Subject (3rd Choice) :
Enter Subject Name

অনেক ক্ষেত্রে শিক্ষাবৃত্তি প্রদানকারি সংস্থা ডিগ্রী প্রোগ্রাম/ নন ডিগ্রী প্রোগ্রাম এর জন্য শিক্ষাবৃত্তি প্রদান করে থাকে। সেক্ষেত্রে Degree Criteria বক্স থেকে Degree/Non Degree নির্বাচন করুন।

Scholarship Degree বক্স থেকে আপনার কাঙ্খিত ডিগ্রীটি নির্বাচন করুন।
Level of Study বক্স থেকে আপনার কাঙ্খিত অপশন নির্বাচন করুন।

Preferred Subject বক্সগুলোতে আপনার পছন্দের সাবজেক্টগুলো উল্লেখ করুন।


# Application Form

**Language Skill** *

| Language SL: | Language Name: | Test Name: | Language Score | Language Proficiency Level |
|---|---|---|---|---|
| 1☐ | English | IELTS | 7 | PROFESSIONAL |
| 2☐ | Arabic | Arabic Language | 0 | LIMITED |

Language Skill অংশে আপনি আপনার প্রোফাইলে যুক্ত করা সকল ভাষাগত যোগ্যতার তথ্য দেখতে পাবেন। এখান থেকে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তির নির্দেশনানুযায়ী যথাপোযুক্ত Skillটি নির্বাচন করুন।

# Part-2





অনেক ক্ষেত্রে প্রোফাইলে যুক্ত করা হয়নি এমন কিছু তথ্য প্রদান করা হতে পারে। সেসব তথ্য Part-2 তে উল্লেখ থাকে।  সকল তথ্য সঠিকভাবে পূরণ/নির্বাচন করে Apply বাটনে ক্লিক করে আপনার আবেদন সম্পূর্ণ করুন।

# Submission List




ড্যাশবোর্ডের বাম পাশের মেনুলিস্ট থেকে **Submission List** অংশে আপনি আপনার আবেদিত স্কলারশিপ প্রোগ্রামার এর তালিকা দেখতে পাবেন। এখান থেকে সংশ্লিষ্ট আবেদনটি দেখতে (View) / এডিট করতে পারবেন।

# Download Your Application Copy





বাম পাশের মেনু লিস্ট থেকে **My Application > Submission List** অংশে আপনার আবেদিত স্কলারশিপ প্রোগ্রামের এর পাশে থাকা ভিউ বাটনে ক্লিক করলে আবেদনটি দেখাবে। এখানে উপরের ডান পাশে থাকা **Download Application Form** বাটনে ক্লিক করে আপনার আবেদনটির কপি ডাউনলোড করতে পারবেন।

# প্রয়োজনীয় ডকুমেন্ট মন্ত্রণালয়ে প্রেরণ

# প্রয়োজনীয় ডকুমেন্ট মন্ত্রণালয়ে প্রেরণ

আবেদন সম্পূর্ণ করার পর শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তির নির্দেশনানুযায়ী ডাউনলোডকৃত আবেদনের কপি, সনদপত্র, মার্কশিট ও অন্যান্য ডকুমেন্ট একটি খামে করে বিজ্ঞপ্তিতে উল্লিখিত ঠিকানায় জমা দিতে হবে।



ONLINE APPLICATION FORM

PART-1

Personal Details

Tracking No : ALZ-24-MAS-60

| Applicant's Name : | Father's Name : | Mother's Name : |
| --- | --- | --- |
| Mahdi Hasan | MD ABDUL ZABBAR | MST AMENA BEGUM |

| Gender : | Date of Birth : | Nationality : |
| --- | --- | --- |
| MALE | 20-05-1988 | Bangladeshi |

Program Related Information

| Program Name : | Scholarship Degree: | Level of Study: |
| --- | --- | --- |
| Al-Azhar Egypt Govt. Scholarship 2024-25 | MASTERS | Masters |

| Preferred Subject (1st Choice) : | Preferred Subject (2nd Choice) : | Preferred Subject (3rd Choice) : |
| --- | --- | --- |
| Islamic Culture | Islamic History | Islamic Story |

# বিশেষ নির্দেশনা

খামের উপর অবশ্যই প্রাপক, প্রেরক, ID ও Tracking No. উল্লেখ করতে হবে। প্রাপক : সিনিয়র সহকারী সচিব (বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা), শিক্ষা মন্ত্রণালয়, কক্ষ নং : ১৭০৬, ভবন নং : ৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**এছাড়াও অন্যান্য নির্দেশনার জন্য সংশ্লিষ্ট শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি অনুসরণ করুন**

কারিগরি সহায়তার জন্য যোগাযোগ করুন:

সহকারী প্রোগ্রামার-২,
ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়।
মোবাইল: ০১৯৩৬৫৮৩৮৫৬
ইমেইল: scholar.banbeis@gmail.com

# ভিডিও নির্দেশিকা দেখতে ভিজিট করুন

**https://youtu.be/2VKnbII9Yjw**